

## 🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ ৪:১৬

## 💵 আরবি মূল আয়াত:

## وَ الَّذْنِ يَاتِينِهَا مِنكُم فَأْذُوهُمَا فَإِن تَابَا وَ أَصلَحَا فَاعرِضُوا عَنهُمَا اللهُ كَانَ تَوَّابًا رَّحِيمًا ﴿١٩﴾

## 

আর তোমাদের মধ্য থেকে যে দু'জন অপকর্ম করবে, তাদেরকে তোমরা আযাব দাও। অতঃপর যদি তারা তাওবা করে এবং শুধরিয়ে নেয় তবে তোমরা তাদের থেকে বিরত থাক। নিশ্চয় আল্লাহ তাওবা কবূলকারী, দয়ালু । — আল-বায়ান

তোমাদের মধ্যেকার যে দু'জন তাতে লিপ্ত হবে, তোমরা সে দু'জনকে শাস্তি দেবে, অতঃপর যদি তারা তাওবাহ করে এবং নিজেদেরকে সংশোধন করে তবে তাদের ব্যাপারে নিবৃত্ত হও, নিশ্চয় আল্লাহ অতিশয় তাওবাহ কবূলকারী, পরম দয়ালু। — তাইসিক্রল

আর তোমাদের মধ্য হতে যে কোন দুইজন এই নির্লজ্জতার কাজ করবে, তাদের উভয়কেই শাস্তি প্রদান কর; কিন্তু তারা যদি তাওবাহ করে এবং সদাচারী হয় তাহলে এতদুভয় হতে প্রত্যাবর্তিত হও। নিশ্চয়ই আল্লাহ তাওবাহ গ্রহণকারী, করুণাময়। — মুজিবুর রহমান

And the two who commit it among you, dishonor them both. But if they repent and correct themselves, leave them alone. Indeed, Allah is ever Accepting of repentance and Merciful. — Sahih International

১৬. আর তোমাদের মধ্যে যে দুজন এতে লিপ্ত হবে তাদেরকে শাস্তি দেবে। যদি তারা তাওবাহ করে এবং নিজেদেরকে সংশোধন করে নেয় তবে তাদের থেকে বিরত থাকবে(১)। নিশ্চয়ই আল্লাহ পরম তাওবাহ কবুলকারী, পরম দয়ালু।

(১) ইবন আব্বাস বলেন, ইসলামের প্রাথমিক যুগে কেউ ব্যভিচার করলে, তাকে তা'যীর বা অনির্ধারিত শান্তি দেয়া হত। তাকে জুতো মারা হতো। পরবর্তীতে নাযিল হলো, ব্যভিচারিনী মহিলা ও ব্যভিচার পুরুষ তাদের উভয়কে একশত বেত্রাঘাত করা [সূরা আন-নূর: ২] কিন্তু যদি তারা বিবাহিত হয়, তবে তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাত অনুসারে পাথর মেরে হত্যা করা হবে। আর এটাই হচ্ছে এ আয়াতে বর্ণিত ব্যবস্থা। [তাবারী]

তাফসীরে জাকারিয়া



(১৬) আর তোমাদের মধ্যে যে দু'জন এতে (ব্যভিচারে) লিপ্ত হবে[1] তাদের উভয়কে শাস্তি দাও।[2] তবে যদি তারা তওবা করে এবং সংশোধন করে নেয়, তাহলে তাদেরকে রেহাই দাও। নিশ্চয় আল্লাহ তওবা গ্রহণকারী, পরম দয়ালু।

[1] কেউ কেউ এর অর্থ নিয়েছেন সমলিঙ্গী ব্যভিচার; যাতে দু'জন পুরুষ আপোসে এ কুকাজ সম্পাদন করে থাকে। আবার কেউ এর অর্থ নিয়েছেন, অবিবাহিত পুরুষ ও মহিলা। আর পূর্বের আয়াতকে তাঁরা বিবাহিত পুরুষ ও মহিলার সাথে নির্দিষ্ট করেছেন। আবার কেউ কেউ এই দ্বিচন শব্দের অর্থ করেছেন, পুরুষ ও মহিলা। তাতে তারা বিবাহিত হোক বা অবিবাহিত। ইবনে জারীর ত্বাবারী দ্বিতীয় অর্থ অর্থাৎ, অবিবাহিত পুরুষ ও মহিলা অর্থকেই প্রাধান্য দিয়েছেন এবং পূর্বের আয়াতে বর্ণিত শান্তিকে নবী করীম (সাঃ) কর্তৃক বর্ণিত শান্তি দ্বারা ও এই আয়াতে বর্ণিত শান্তিকে সূরা নূরে বর্ণিত একশ' বেত্রাঘাত শান্তি দ্বারা রহিত সাব্যন্ত করেছেন। (তাফসীর ত্বাবারী)
[2] অর্থাৎ, মৌখিক ধমক ও তিরস্কারের মাধ্যমে অথবা হাত দ্বারা স্বল্প মার-ধর করে। তবে এখন এটা রহিত;

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=509

যেমন পূর্বেই আলোচিত হয়েছে।

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন